গুলশানে ক্যাফেতে ‘২০ বিদেশি জিম্মি’ নিহত

নিউজ ডেস্ক: গুলশানের ক্যাফেতে
কমান্ডো অভিযানে ছয় বন্দুকধারী
মারা পড়লেও তার আগে তারা বিদেশি
২০ জিম্মিকে হত্যা করে।

শনিবার সকালে কমান্ডো অভিযানের পর দুপুরে এক সংবাদ সম্মেলনে এই তথ্য জানান মিলিটারি অপারেশন্সের পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল নাঈম আশফাক চৌধুরী।

শুক্রবার রাতে বন্দুকধারীরা হামলা চালানোর পর রাতভর ক্যাফেটি পুলিশ, র্যাব, বিজিবি ঘিরে রাখার পর সকালে সামরিক বাহিনী যুক্ত হয়ে শুরু করে কমান্ডো অভিযান।

‘অপারেশন থান্ডারবোল্ট’ নামের এই অভিযান সকালে ৭টা ৪০ মিনিটে শুরু হয়ে সকাল সাড়ে ৮টায় শেষ হয় বলে জানান ব্রিগেডিয়ার নাঈম।

তিনি বলেন, “প্যারা কমান্ডোরা ৭টা ৪০ মিনিটে অপারেশন শুরু হয়, ১২ থেকে ১৩ মিনিটের মধ্যে সকল অপরাধীকে নির্মূল করে সকাল সাড়ে ৮টায় অভিযানের সফল সমাপ্তি ঘটে।”
এরপর তল্লাশি চালিয়ে ২০টি মৃতদেহ উদ্ধার করা হয় জানিয়ে তিনি বলেন, “এদের সবাইকে রাতেই হত্যা করা হয়।”

ধারাল অস্ত্রের মাধ্যমে নৃশংসভাবে এই হত্যাকাণ্ড ঘটানো হয় বলে জানান এই সেনা কর্মকর্তা।

নিহতদের পরিচয় নিশ্চিত করতে না পারলেও তারা সবাই বিদেশি বলে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে জানান তিনি।